

২০২২-২৩ শিক্ষাবর্ষ থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) মাস্টার্স করতে পারবে অন্যান্য বিশ্ববিদ্যালয়ে স্নাতক সম্পন্ন করা শিক্ষার্থীরা। তবে ভর্তি পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থীদের ভর্তি হতে হবে। গতকাল মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দণ্ডের থেকে পাঠ্নো এক বিজ্ঞপ্তির মাধ্যমে এ তথ্য জানানো হয়।

## advertisement 3

বিজ্ঞপ্তিতে বলা হয়, এক্ষেত্রে শিক্ষার্থীদের পাবলিক বিশ্ববিদ্যালয়/ বিশ্ববিদ্যালয় মণ্ডুরি কমিশন (ইউজিসি) অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (সম্মান) ডিপ্রিপ্রাপ্ত হতে হবে। আন্তঃএকাডেমিক, অন্তর্ভুক্তিমূলক ও জীবনব্যাপী শিক্ষার সুযোগ।

## advertisement 4

তৈরি করতে এ সিদ্ধান্ত নেওয়া হয়। এ বিষয়ে বিভাগ/ইনসিটিউট প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।

উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ে স্নাতক স্তরে অধ্যয়নের জন্য উচ্চ মাধ্যমিক উন্নীর্ণ শিক্ষার্থীরা ভর্তি পরীক্ষা দিয়ে থাকে। ইতিপূর্বে অন্যান্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের নিয়মিত মাস্টার্স প্রোগ্রামে ভর্তির সুযোগ ছিল না। এ ছাড়া ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) ‘টিচিং ইভ্যালুয়েশন’ বা শিক্ষক মূল্যায়ন কার্যক্রম চালুর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। শিক্ষার্থীরা অনলাইনে নির্ধারিত ফরমে পাঁচটি সূচক ও তদসংশ্লিষ্ট উপসূচকের আলোকে এই মূল্যায়ন করতে পারবেন। গত রবিবার অনুষ্ঠিত সিডিকেটের সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়।